

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৬৬

১৪/ সিয়াম (রোজা) (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৪. রম্যানে দিনে সাওমরত অবস্থায় স্তৰী সহবাস করা কঠোর হারাম; কেউ যদি এ ধরনের কাজ করে তবে তার উপর বড় ধরনের কাফফারা ওয়াজিব; চাই সে বিত্তশালী হোক বা বিত্তহীন; তবে বিত্তহীন ব্যক্তির পক্ষে যখন সম্ভব হয়, তখন এ কাফফারা আদায় করতে হবে

**بَابِ تَغْلِيظِ تَحْرِيمِ الْجِمَاعِ فِي نَهَارِ رَمَضَانَ عَلَى الصَّائِمِ وَوُجُوبِ الْكَفَارَةِ الْكُبْرَى فِيهِ  
وَبِيَانِهَا وَأَنَّهَا تَجْبُ عَلَى الْمَوْسِرِ وَالْمَعْسِرِ وَتَثْبِتُ فِي ذِمَّةِ الْمَعْسِرِ حَتَّى يُسْتَطِيعَ**

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، وَأَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ وَزَهِيرٌ بْنُ حَرْبٍ وَابْنُ نُمَيْرٍ كُلُّهُمْ عَنِ ابْنِ عُيَيْنَةَ، - قَالَ يَحْيَى أَخْبَرَنَا سُفِيَّانُ بْنُ عُيَيْنَةَ، - عَنْ الزُّهْرِيِّ، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي هُرَيْرَةَ، - رضى الله عنه - قَالَ جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ هَلْ كُنْتُ يَا رَسُولَ اللَّهِ. قَالَ "وَمَا أَهْلَكَكَ". قَالَ وَقَعْتُ عَلَى امْرَأَتِي فِي رَمَضَانَ . قَالَ "هَلْ تَجِدُ مَا تُعْتَقُ رَقَبَةً". قَالَ لَا . قَالَ فَهَلْ تَسْتَطِعُ أَنْ تَصُومَ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ ". قَالَ لَا . قَالَ "فَهَلْ تَجِدُ مَا تُطْعِمُ سِتِّينَ مِسْكِينًا ". قَالَ لَا - قَالَ - ثُمَّ جَلَسَ فَأْتَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَرَقٍ فِيهِ تَمْرٌ . فَقَالَ "تَصَدَّقْ بِهَذَا". قَالَ أَفَقَرَ مِنَّا فَمَا بَيْنَ لَايْتَهَا أَهْلُ بَيْتٍ أَحْوَجُ إِلَيْهِ مِنَّا . فَضَحَّكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَدَأَتْ أَنْيَابُهُ ثُمَّ قَالَ "اذْهَبْ فَأَطْعِمْهُ أَهْلَكَ".

বাংলা

২৪৬৬। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া, আবু বকর ইবনু আবু শায়বা, যুহায়র ইবনু হারব ও ইবনু নুমায়র (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, হে আল্লাহর রাসুল! আমি ধৰ্স হয়ে গিয়েছি। তিনি বললেন কিসে তোমাকে ধৰ্স করেছে? সে বলল আমি রম্যানে সাওমরত অবস্থায় আমার স্তৰীর সাথে সহবাস করেছি। তিনি বললেন তোমার কি গোলাম আযাদ করার মত সামর্থ্য রয়েছে? সে বলল না। তিনি আবার জিজ্ঞাসা করলেন তুমি কি ক্রমাগত দুই মাস সাওম (রোয়া/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করতে পারবে? সে বলল, না। পুনরায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

বললেন, তুমি ঘাটজন মিসকীনকে খাওয়াতে পারবে কি? সে বলল, না। তারপর সে বসে গেল।

এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এক টুকরি খেজুর আনা হল। তিনি লোকটিকে বললেন এগুলো সদকা করে দাও। তখন সে বলল, আমার চেয়েও অভাবী লোককে সদকা করে দিব? (মদিনার) দুটি কংকরময় ভূমির মধ্যস্থিত স্থানে আমার পরিবারের চেয়ে অভাবী পরিবার আর একটিও নেই। এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হেসে দিলেন। এমনকি তাঁর সামনের দাঁতগুলো প্রকাশ হয়ে পড়ল। তখন তিনি বললেন, তাহলে যাও, এগুলো তোমার পরিবারকে খেতে দাও।

## English

Abu Huraira (Allah be pleased with him) reported that a person came to the Messenger of Allah (ﷺ) and said:

Messenger of Allah, I am undone. He (the Holy Prophet) said: What has brought about your ruin? He said: I have had intercourse with my wife during the month of Ramadan. Upon this he (the Holy prophet) said: Can you find a slave to set him free? He said: NO He (the Prophet again) said: Can you observe fast for two consecutive months? He said: No. He (the Holy Prophet) said: Can you provide food to sixty poor people?, He said: No. He then sat down and (in the meanwhile) there was brought to the Messenger of Allah (ﷺ) a basket which contained dates. He (the Holy Prophet) said: Give these (dates) in charity. He (the man) said: Am I to give to one who is poorer than I? There is no family poorer than mine between the two lava plains of Medina. The Apostle of Allah (ﷺ) laughed so that his molar teeth became visible and said: Go and give it to your family to eat.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=11831>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন